73

দৈনিক ইত্তেফাক

তারিখ ২৭-OCT-1998
পৃষ্ঠা কলাম

# গুণবতী কলেজে ছাত্রলীগ-শিবির বন্দুক যুদ্ধ ॥ নিহত ১ ॥ পুলিশসহ আহত ৩০

কুমিল্লা হইতে সংবাদদাতা ॥ গতকাল (সোমবার) দুপুর ১২টা হইতে দুপুর ২টা পর্যন্ত চৌদ্দগ্রামের গুণবতী কলেজে ছাত্রলীগ ও ইসলামী ছাত্র শিবির কর্মীদের মধ্যে ২ ঘন্টাব্যাপী বন্দুক যুদ্ধে ১ জন নিহত ও ৫ পুলিশসহ ৩০ জন ছাত্র আহত হইয়াছে। গুলীবিদ্ধ হইয়া গুরুতর আহত ৪ জনকে কুমিল্লা মেডিক্যাল কলেজ হাসপাতালে এবং অপর ৪ জনকে চৌদ্দগ্রাম থানা স্বাস্থ্যকেন্দ্রে ভর্তি করা হইয়াছে।

জানা যায়, সোমবার সকাল ১১টায় ছাত্র শিবিরের সশস্ত্র কর্মীরা ছাত্রলীগের এক কর্মীকে ধাওয়া করিলে ছাত্রলীগ ও শিবিরের মধ্যে সংঘর্ষের সূত্রপাত হয়। উভয়পক্ষের (১৫শঃ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## গুণবতী কলেজে

(শেষ পৃঃ পর)

মধ্যে বন্দুক যুদ্ধ শুরু হইলে এলাকায় আতংক ছড়াইয়া পড়ে। পুলিশ এই সময় কমপক্ষে ১০ রাউন্ড টিয়ার গ্যাস নিক্ষেপ করিয়া পরিস্থিতি নিয়ন্ত্রণে আনার চেষ্টা করে। সংঘর্ষে গুলীবিদ্ধ হইয়া শিবিরকর্মী মোঃ সাহাবউদ্দিন (২২) নিহত হয়। সে চৌদ্দগ্রাম থানার রাজবল্লভপুর গ্রামের আবদুল হকের পুত্র। বন্দুক যুদ্ধে গুলীবিদ্ধ আহত নূরুন্নবী (১৬), ইসমাইল (২০), জাফর আহমেদ শিপন (২০), রমিজ উদ্দিনকে (২১) গুরুতর আহত অবস্থায় কুমিল্লা মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হইয়াছে। এই সময়ে আহত ৫ জন পুলিশ কনস্টেবল হইতেছে গোলাম মাওলা, আবদুর রব, জেবাল হোসেন, ফরিদুল ইসলাম, আজিজুর রহমান। ইহা ছাড়াও সংঘর্ষে আহত অন্যরা হইতেছে জামাল উদ্দিন (২০), শহীদুল ইসলাম (২০), সাইফুল ইসলাম (২১), ইমরান (২০), রাকিব হোসেন (২২) এবং আবুল কালাম (২১)।

এই সংঘর্ষ চলাকালে এএসপি সদর সার্কেল কুমিল্লা হইতে অতিরিক্ত পুলিশ ফোর্সসহ ঘটনাস্থলে পৌঁছিয়া পরিস্থিতি আয়ত্তে আনেন। এদিকে ইসলামী ছাত্র শিবিরের বিক্ষুব্ধ কর্মীরা সাহাবউদ্দিনের লাশ লইয়া সন্ধ্যা ছয়টায় ঢাকা-চট্টগ্রাম মহাসড়কে মিছিল করিয়া মহাসড়কে অবরোধের সৃষ্টি করিলে ১ ঘন্টা যান চলাচল বন্ধ হইয়া যায়। গত তিন মাসে এই থানায় ছাত্রলীগ-শিবিরের মধ্যে কয়েক দফা সংঘর্ষে ৪ জন নিহত হইয়াছে।